

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(পৌর-১ অধিশাখা)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র


স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৩.১২.৯৫০

তারিখঃ ২৩/০৭/২০১৭

বিষয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে বন্যা পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে প্রস্তুতি ও করণীয় নির্ধারণের  
বিষয়ে গত ০৯/০৭/২০১৭ তারিখের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখা হতে প্রাপ্ত ১৯/০৭/২০১৭ তারিখের ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১৩.২০১৫-১২৪৬ সংখ্যক পত্রের ছায়ািলিপি এতদসঙ্গে প্রেরণ করা হ'ল। উক্ত পত্রে বর্ণিত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে বন্যা পরিস্থিতি মোকাবেলার লক্ষ্যে প্রস্তুতি ও করণীয় নির্ধারণের বিষয়ে গত ০৯/০৭/২০১৭ তারিখের সভার সিদ্ধান্তসমূহের মধ্যে সংশ্লিষ্ট পৌরসভার মেয়রগণ-কে নিম্নরূপ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল:

- ১) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিগণ যেন বন্যা দুর্গত এলাকার ত্রাণ সামগ্রী দ্রুত, যথাযথভাবে ও সুষ্ঠুভাবে জনগনের দুঃখ দুর্দশা লাঘবের নিমিত্ত বিতরণ করেন।
- ২) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বন্যা দুর্গত এলাকায় কোন কর্মকর্তা/কর্মচারীকে এ মুহর্তে ছুটি প্রদান করা যাবে না। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন বন্যা দুর্গত এলাকায় অন্য জেলা থেকে মেকানিক পদায়ন করে নলকূপসমূহকে বন্যার পানিমুক্ত রেখে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করতে হবে। মৌলভীবাজার জেলাসহ বন্যা দুর্গত এলাকায় পরিমিত পানি বিশুদ্ধকরণ ট্যাবলেটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

  
২৩/০৭/১৭  
(মোঃ আবদুর রউফ মিয়া)  
উপসচিব  
ফোনঃ ৯৫১১৬০৩

বিতরণ:

মেয়র/প্রশাসক (সংশ্লিষ্ট পৌরসভা)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর ও উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ০২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/২), স্থানীয় সরকার বিভাগ।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৪। উপসচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

